

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ
নৌনিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ
১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

নথি নং-১৮.১১.০০০০.১৪৮.৯৯.০০৩.২৪/ ৯৮৭(৩)

লঞ্চের ভাড়াসূচি:


নৌপথের নাম: ঢাকা-বরিশাল।

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন (নৌরুট পারমিট, সময়সূচী ও ভাড়া নির্ধারণ) বিধিমালা, ২০১৯ এর বিধি ২৭ মোতাবেক ঢাকা-বরিশাল নৌপথে চলাচলকারী যাত্রীবাহী নৌযানের ডেক শ্রেণির যাত্রী ভাড়া (কিলোমিটার হিসেবে আদায়যোগ্য):-

ঢাকা হতে	মধ্যবর্তী ঘাটের দূরত্ব	ঘাটসমূহ	ঢাকা	প্রথম ১০০ কিলোমিটার দূরত্বের জন্য প্রতি কিলোমিটারে জনপ্রতি ভাড়া ২.৯৫ (দুই টাকা পঁচানকই পয়সা), পরবর্তী প্রতি কিলোমিটার ২.৫২ (দুই টাকা বায়ান্ন পয়সা) এবং জনপ্রতি সর্বনিম্ন ভাড়া ৩২.০০ (বত্রিশ টাকা)।
১৫৩.২৫	১৫৩.২৫	বরিশাল	৪২৯	

তৃতীয় শ্রেণি/ ডেক শ্রেণির ভাড়ার ভিত্তিতে উচ্চ শ্রেণির ভাড়া নিম্নোক্তভাবে নির্ধারিত হবে:-

ক্রঃনং	লঞ্চের শ্রেণি এবং সুবিধাদির বিবরণ	ভাড়া নির্ধারণ পদ্ধতি
(০১)	তৃতীয়/ ডেক শ্রেণি: লঞ্চের ডেকে ভ্রমণের ক্ষেত্রে;	প্রথম ১০০ কিলোমিটার দূরত্বের জন্য প্রতি কিলোমিটারে জনপ্রতি ভাড়া ২.৯৫ (দুই টাকা পঁচানকই পয়সা), পরবর্তী প্রতি কিলোমিটার ২.৫২ (দুই টাকা বায়ান্ন পয়সা) এবং জনপ্রতি সর্বনিম্ন ভাড়া ৩২.০০ (বত্রিশ টাকা)।
(০২)	দ্বিতীয় শ্রেণি: (ক) যে সকল আধুনিক দোতলা লঞ্চে ডেক শ্রেণিতে সাধারণ চেয়ার রয়েছে (যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত) এর প্রতি চেয়ারের ক্ষেত্রে; (খ) যে সকল ডুবন্ত ডেক (Sunken deck) বিশিষ্ট লঞ্চের আপার ক্লাস রয়েছে (যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত) এর ক্ষেত্রে; (গ) যে সকল আধুনিক দোতলা লঞ্চে (ডেক শ্রেণি ব্যতীত) এবং একতলা লঞ্চের উচ্চ শ্রেণিতে (আপার ক্লাস) নন এসি কক্ষে চেয়ার রয়েছে (যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত) এর প্রতি চেয়ারের ক্ষেত্রে; (ঘ) যে সকল আধুনিক দোতলা লঞ্চে (ডেক শ্রেণি ব্যতীত) এবং একতলা লঞ্চের উচ্চ শ্রেণিতে (আপার ক্লাস) এসি কক্ষে চেয়ার রয়েছে (যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত) এর প্রতি চেয়ারের ক্ষেত্রে; (ঙ) যে সকল আধুনিক দোতলা লঞ্চের আপার ক্লাসের এসি কক্ষে সোফা রয়েছে (যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত) এর প্রতি সোফার ক্ষেত্রে।	তৃতীয় শ্রেণির/ ডেক শ্রেণির ভাড়ার ১.১০ গুণ। তৃতীয় শ্রেণির/ ডেক শ্রেণির ভাড়ার ১.৫০ গুণ। তৃতীয় শ্রেণির/ ডেক শ্রেণির ভাড়ার ১.৫০ গুণ। তৃতীয় শ্রেণির/ ডেক শ্রেণির ভাড়ার ২.০০ গুণ। তৃতীয় শ্রেণির/ ডেক শ্রেণির ভাড়ার ২.২৫ গুণ।
(০৩)	প্রথম শ্রেণি: (ক) যে সকল আধুনিক দোতলা লঞ্চের কক্ষে ঘুমাবার এবং অন্যান্য আধুনিক সুযোগ সুবিধা রয়েছে (যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত) এর প্রতি শয্যার (নন এসি) ক্ষেত্রে;	তৃতীয় শ্রেণির/ ডেক শ্রেণির ভাড়ার ৪.০০ গুণ।



পাতা-২

(খ) যে সকল আধুনিক দোতলা লঞ্জে কক্ষে ঘুমাবার এবং অন্যান্য আধুনিক সুযোগ সুবিধা রয়েছে (যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত) এর প্রতি শয্যার (এসি) ক্ষেত্রে;	তৃতীয় শ্রেণির/ ডেক শ্রেণির ভাড়ার ৪.১৫ গুণ।
(গ) যে সকল আধুনিক দোতলা লঞ্জে পরিবারসহ ঘুমাবার এবং শৌচাগার ও অন্যান্য সুযোগ সুবিধা রয়েছে (যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত) এর প্রতি কক্ষের (অর্থাৎ প্রতি ফ্যামিলি কেবিন) (নন এসি) ক্ষেত্রে;	তৃতীয় শ্রেণির/ ডেক শ্রেণির দুইজন যাত্রী ভাড়ার ৫.৫০ গুণ।
(ঘ) যে সকল আধুনিক দোতলা লঞ্জে পরিবারসহ ঘুমাবার এবং শৌচাগার ও অন্যান্য সুযোগ সুবিধা রয়েছে (যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত) এর প্রতি কক্ষের (অর্থাৎ প্রতি ফ্যামিলি কেবিন) (এসি) ক্ষেত্রে;	তৃতীয় শ্রেণির/ ডেক শ্রেণির দুইজন যাত্রী ভাড়ার ৬.০০ গুণ।
(ঙ) যে সকল আধুনিক দোতলা লঞ্জে সুসজ্জিত কক্ষ এবং কক্ষে এসি, এটাচড বাথরুম, ব্যালকনি ও করিডোরসহ অন্যান্য সুযোগ সুবিধা রয়েছে এতে ন্যূনতম ২জন যাত্রী থাকার/ ঘুমাবার ব্যবস্থা রয়েছে এরূপ প্রতি কক্ষের (অর্থাৎ ভিআইপি কেবিন) ক্ষেত্রে।	তৃতীয় শ্রেণির/ ডেক শ্রেণির দুইজন যাত্রী ভাড়ার ৭.৫০ গুণ।

বিশেষ দৃষ্টব্যঃ

- (১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ০৬ মে, ২০২৬ তারিখে প্রকাশিত প্রজ্ঞাপন অনুসারে যাত্রীবাহী নৌযানের উক্ত যাত্রীভাড়া পুনর্নির্ধারণ করা হলো।
- (২) এই ভাড়াসূচি জারির ফলে সংশ্লিষ্ট নৌপথের পূর্বের সকল ভাড়া সূচি বাতিল বলে গণ্য হবে।
- (৩) ভাড়া সূচির সাথে সরকারি কর ও শুল্ক প্রযোজ্য সাপেক্ষে কার্যকর হবে।
- (৪) ভাড়াসূচিতে দেখানো দূরত্ব পরিবর্তন যোগ্য।
- (৫) সকল যাত্রী সাধারণের দেখার সুবিধার্থে এই ভাড়া সূচি নৌযানের দৃশ্যমান স্থানে টাঙ্কিয়ে রাখতে হবে।
- (৬) প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এর ৭(ঘ) ধারা অনুযায়ী পরিচয়পত্র বহনকারী প্রতিবন্ধী ব্যক্তি ও তাঁর একজন সহযোগী/সহায়তাকারীর জন্য শুধুমাত্র ডেক/ তৃতীয় শ্রেণির ভাড়ার ক্ষেত্রে মোট ভাড়ার ৫০% রেয়াতি হারে ভাড়া নির্ধারিত হবে।
- (৭) এই ভাড়া সকলের জন্য প্রযোজ্য।